বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০১৫.২০- ৫৬৬ তারিখঃ ০৭/০১/২০২১ খ্রিঃ

## অফিস আদেশ

জনাব পল্লব রায় চৌধুরী, পিতাঃ নারায়ন রায় চৌধুরী, গ্রামঃ আগরহাটী, পোঃ গৌরিঘোনা, উপজেলাঃ কেশবপুর, জেলাঃ যশোর বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচিভুক্ত খুলনা জেলার ডুমুরিয়া উপজেলায় মাঠ সংগঠক হিসেবে কর্মরত ছিলেন।

২। জনাব পল্লব রায় চৌধুরী, মাঠ সংগঠক, ডুমুরিয়া, খুলনা কর্তৃক বিভিন্ন সময়ে বিভিন্ন পরিমান অর্থ হস্তমজুদ করায় ও দায়িত্ব-কর্তব্য পালনে উদাসীন থাকায় ডুমুরিয়া, খুলনা এর স্মারক নং ৪৭.৬২.৪৭৩০.৮৫৪.২৭.০০৬.১৪-২০৯ তারিখঃ ২১.০৩.১৭ খ্রিঃ, স্মারক নং ৪৭.৬২.৪৭৩০.৮৫৪.২৭.০০৬.১৪-২২৪ তারিখঃ ১৫.০৬.১৭ খ্রিঃ, স্মারক নং ৪৭.৬২.৪৭৩০.৮৫৪.২৭.০০৬.১৪-২৪৯ তারিখঃ ১১.১২.১৭ খ্রিঃ, স্মারক নং ৪৭.৬২.৪৭৩০.৮৫৪.২৭.০০৬.১৪-২৬০ তারিখঃ ২১.১২.১৭ খ্রিঃ মূলে কৈফিয়ত তলব করা হয় এবং তিনি অভিযোগকৃত হস্তমজুদের অর্থ জমা করে ক্ষমা প্রার্থনা করেন। তাই তাকে মৌখিকভাবে সতর্ক করে ক্ষমা করা হয়।

৩। পরবর্তীতে বর্ণিত মাঠ সংগঠক এর দায়িত্বাধীন সমিতিসমূহে পুনরায় বিভিন্ন পরিমান হস্তমজুদের ঘটনা উৎঘাটন হওয়ায় ও মেয়াদোত্তীর্ণ খেলাপী বৃদ্ধি পাওয়ায় ডুমুরিয়া, খুলনা এর স্মারক নং ৪৭.৬২.৪৭৩০.৮৫৪.২৭.০০৬.১৪-৩৭২ তারিখঃ ১৮.০২.২০ খ্রিঃ, স্মারক নং ৪৭.৬২.৪৭৩০.৮৫৪.২৭.০০৬.১৪-৩৭৯ তারিখঃ ২২.০৬.২০ খ্রিঃ মূলে ব্যাখ্যা তলব করা হয়। বর্ণিত মাঠ সংগঠক ব্যাখ্যা তলবের জবাব প্রদান না করে অর্থ আত্মসাতের অভিযোগ স্বীকার করে আত্মসাতকৃত অর্থ জমাদানের জন্য ১৫/০৭/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত সময় চান এবং উক্ত সময়ের পর তার কোন সমিতিতে অর্থ আত্মসাতের তথ্য প্রমানিত হলে তাকে যে শাস্তি দেয়া হবে তিনি তা মেনে নিবেন মর্মে লিখিত স্বীকারোক্তি দেন। তবে লিখিত স্বীকারোক্তি প্রদানের পর পুনরায় সমিতিসমূহে অর্থ আত্মসাতের তথ্য উৎঘাটন হওয়ায় এবং পূর্বের ব্যাখ্যা তলবের জবাব প্রদান না করায় স্মারক নং ৪৭.৬২.৪৭৩০.৮৫৪.২৭.০০৬.১৪-৩৮০ তারিখঃ ০১.০৭.২০ খ্রিঃ মূলে ব্যাখ্যা তলব করা হয়।

৪। এছাড়া বারংবার বিভিন্ন সমিতিতে অর্থ আত্মসাতের তথ্য উৎঘাটন হওয়ায় সরেজমিনে তাঁর দায়িত্বাধীন সকল সমিতি যাচাই করে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা অবহিত করার জন্য কর্মসূচি দপ্তরের স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২০.১৮-২২৪ তারিখঃ ১২/০৭/২০ খ্রিঃ এবং স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২০.১৮-৩৬৩ তারিখঃ ১৩/১০/২০ খ্রিঃ মূলে সংশ্লিষ্ট উপজেলা কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদান করা হয়। সে প্রেক্ষিতে সংশ্লিষ্ট উপজেলা কর্তৃপক্ষ সরেজমিনে যাচাই করে জানান বর্ণিত মাঠ সংগঠক তাঁর দায়িত্বাধীন ১৩ টি সমিতির মধ্যে ১০ টি সমিতির বিপরীতে সুফলভোগী হতে আদায়কৃত সঞ্চয় বাবদ ১৫১৬৩৩.০০ টাকা ও ঋণ বাবদ ১১৭৯৪০০.০০ টাকাসহ সর্বমোট ১৩৩১০৩৩.০০ টাকা হস্তমজুদ/আত্মসাৎ করেন এবং এ বিষয়ে তাঁর লিখিত স্বীকারোক্তি রয়েছে। এছাড়া বর্ণিত মাঠ সংগঠক তার অঙ্গীকার অনুযায়ী নির্দিষ্ট সময়ে আত্মসাতকৃত অর্থ জমা প্রদান না করায় এবং অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় ডুমুরিয়া, খুলনা এর স্মারক নং ৪৭.৬২.৪৭৩০.৮৫৪.২৭.০০৬.১৪-৪০৬ তারিখঃ ১৭.১১.২০ খ্রিঃ মূলে ব্যাখ্যা তলব করা হলেও তিনি কোন জবাব প্রদান করেননি।

৫। তাছাড়া বর্ণিত মাঠ সংগঠক কর্তৃক হস্তমজুদ/আত্মসাতের তথ্য যাচাইয়ের জন্য সদর দপ্তর কর্তৃক কমিটি গঠন করা হয় এবং উক্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন ও সংশ্লিষ্ট উপজেলা কর্তৃপক্ষ কর্তৃক প্রেরীত তথ্য অনুযায়ী বর্ণিত মাঠ সংগঠক তাঁর দায়িত্বাধীন ১৩ টি সমিতির মধ্যে ১০ টি সমিতির বিপরীতে সুফলভোগী হতে আদায়কৃত সঞ্চয় বাবদ ১৫১৬৩৩.০০ টাকা ও ঋণ বাবদ ১১৭৯৪০০.০০ টাকাসহ সর্বমোট ১৩৩১০৩৩.০০ টাকা হস্তমজুদ/আত্মসাৎ করেছেন মর্মে সুস্পষ্টভাবে প্রমাণিত হয়। উল্লেখ্য, অদ্যাবধি আত্মসাতকৃত ৮২৭৩৩৩.০০ টাকা অনাদায়ী রয়েছে।

৬। এমতবস্থায়, জনাব পল্লব রায় চৌধুরী, মাঠ সংগঠক, ডুমুরিয়া, খুলনা কর্তৃক সুফলভোগী হতে আদায়কৃত সঞ্চয় বাবদ ১৫১৬৩৩.০০ টাকা ও ঋণ বাবদ ১১৭৯৪০০.০০ টাকাসহ সর্বমোট ১৩৩১০৩৩.০০ টাকা হস্তমজুদ/আত্মসাৎ করাসহ অর্থ আত্মসাতের বিষয়টি স্বীকার করায় ও দীর্ঘদিন যাবৎ অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁকে কর্মসূচিতে জনবল স্থানান্তর আদেশের ২(ঘ) অনুযায়ী কর্মসূচির চুক্তিভিত্তিক নিয়োগ হতে বরখাস্ত করা হলো। এছাড়া হস্তমজুদ/আত্মসাতকৃত অর্থের মধ্যে অদ্যাবধি সরকারী পাওনা ৮২৭৩৩৩.০০ টাকা আগামী ২৮/০২/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট হিসাবে জমা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হলো। অন্যথায়, তাঁর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো।

০৭/০১/২০২১

মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ইরেসপো

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০১৫.২০- ৫৬৬

তারিখঃ ০৭/০১/২০২১ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নহে)ঃ

১. জনাব পল্লব রায় চৌধুরী, মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, ডুমুরিয়া, খুলনা (বরখাস্তপ্রাপ্ত)।
স্থায়ী ঠিকানাঃ পিতাঃ নারায়ন রায় চৌধুরী, গ্রামঃ আগরহাটী, পোঃ গৌরিঘোনা, উপজেলাঃ কেশবপুর, জেলাঃ যশোর
২. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ খুলনা। (সামগ্রিক বিষয় তদারকির অনুরোধ করা হলো।)
৩. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ ডুমুরিয়া, জেলাঃ খুলনা।
(বর্ণিত মাঠ সংগঠক আগামী ২৮/০২/২০২১খ্রিঃ তারিখের মধ্যে হস্তমজুদ/আত্মসাতকৃত সমূদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ এবং এ বাবদ দায়মুক্ত তহবিল হতে ব্যয় নির্বাহের জন্য নির্দেশনা প্রদান করা হলো। উল্লেখ্য, প্রয়োজনে সদর দপ্তর হতে এ খাতে অর্থ বরাদ্দ প্রদান করা হবে।)
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ ডুমুরিয়া, জেলাঃ খুলনা।
৭. অফিস কপি/ গার্ড ফাইল।

সদয় অবগতির জন্য ঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।

০৭/০১/২১

মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ইরেসপো